

8. স্থানীয় সরকার সংক্রান্ত তথ্য



স্থানীয় সরকার আমাদের দেশের সরকার ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। সারা দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত উন্নয়ন কাজ এই স্থানীয় সরকার ব্যবস্থার মাধ্যমেই হবার কথা। কিন্তু আমাদের দেশে স্থানীয় সরকার ঠিক মত কাজ করে না, এই অভিযোগ অনেকের। স্থানীয় সরকার ব্যবস্থায় নানা অনিয়মের কারণে উন্নয়ন কাজও ব্যহত হয়। এসব অনিয়ম দেখে জনগণের মনে নানা ধরনের প্রশ্ন জাগে, যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

- আমাদের উপজেলায় রাস্তাঘাট নির্মাণ ও সংস্কার খাতে মোট কত টাকা এসেছে?
- রাস্তা পাকা করার জন্য কার কাছে আবেদন করতে হয়?
- আমাদের জেলার বন্যা নিয়ন্ত্রণ বাঁধ গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ার পর এ পর্যন্ত মেরামত করা হয়নি কেন?

এ ধরনের প্রশ্ন সংক্রান্ত তথ্যের জন্য আইনের ধারা ও বিধি অনুযায়ী উপজেলা পরিষদে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে আবেদন করতে হবে। নিচে তথ্য অধিকার আইনের আওতায় স্থানীয় সরকার খাতের বিভিন্ন বিষয়ে কিছু প্রশ্নের নমুনা দেওয়া হলো:

১. গত ২০১০-২০১১ অর্থবছরে লৌহজং উপজেলায় রাস্তাঘাট নির্মাণ ও সংস্কার খাতে মোট কত টাকা এসেছে এবং কোন খাতে কত টাকা খরচ করা হয়েছে তার আর্থিক বিবরণী পেতে চাই।
২. লৌহজং উপজেলার মালির অংক বাজার থেকে হলুদিয়া পর্যন্ত রাস্তাটি পুনরায় মেরামতের জন্য ২০১০-২০১১ অর্থবছরে কত টাকা বরাদ্দ হয়েছে তা জানতে চাই। উক্ত কাজের জন্য কাকে ঠিকাদার হিসেবে নিয়োগ দেয়া হয়েছে এবং উক্ত নিয়োগ কোন নীতিমালা মেনে করা হয়েছে জানতে চাই। ঠিকাদারের সঙ্গে চুক্তিপত্রের কপি দেখতে চাই।
৩. রাস্তা পাকা করার জন্য কার কাছে আবেদন করতে হবে এবং আবেদনের নিয়মাবলীর কপি পেতে চাই। কোন্ রাস্তা কাঁচা থেকে পাকা হবে এ সিদ্ধান্ত এল জি ই ডি-তে কোন নীতিমালার ভিত্তিতে হয় তা জানতে চাই। সর্বশেষ মিটিং-এর সিদ্ধান্তের ফাইল দেখতে চাই।
৪. ২০০৯ সালে আমাদের জেলার বন্যা নিয়ন্ত্রণ বাঁধ গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ার পর এ পর্যন্ত মেরামত করা হয়নি। এ ব্যাপারে জেলা প্রশাসন কি কি পদক্ষেপ গ্রহণ করেছে তা জানতে চাই।

এগুলো ছাড়াও এ খাতের সঙ্গে প্রাসঙ্গিক আরো নানা ধরনের প্রশ্ন করা যেতে পারে। স্থানীয় সরকার বিষয়ক বিভিন্ন তথ্য জানার জন্য উপজেলা পরিষদে নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে নাম ও ঠিকানা সহ জমা দিতে হয়। যদি অফিসে

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কে তা জানা না থাকে সেক্ষেত্রে কৃষি পরিসেবা অংশে বর্ণিত নিয়মানুযায়ী আবেদনপত্র জমা দিতে হবে। (আবেদন প্রক্রিয়া সঠিকভাবে লেখার জন্যে এই লেখার শেষে সংযুক্তি -১ দ্রষ্টব্য। সেখানে আবেদনপত্র, আপীল ও অভিযোগ পত্রের নমুনা দেয়া হল।)